# পিএসসি চেয়ারম্যানের পদ থেকে পদত্যাগ করছেন মোবাশ্বের মোনেম



মোবাশ্বের মোনেম। ছবি: সংগৃহীত

সরকারি কর্ম কমিশনের (পিএসসি) চেয়ারম্যানের দায়িত্ব থেকে সরে দাঁড়াচ্ছেন অধ্যাপক মোবাশ্বের মোনেম। মঙ্গলবার (১৮ আগস্ট) তিনি পদত্যাগপত্র জমা দিতে পারেন বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

পদত্যাগের বিষয়ে জানতে চাইলে অধ্যাপক মোবাশ্বের মোনেম সরাসরি কিছু বলতে চাননি। তিনি বলেন, বিষয়টি হলে সবাই জানতে পারবেন।

২০২৪ সালের অক্টোবরে অন্তর্বর্তী সরকারের সময়ে পিএসসির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পান ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের অধ্যাপক মোবাশ্বের মোনেম।

এর আগে ২০২৪ সালের গণঅভ্যুত্থানের পর তৎকালীন পিএসসি চেয়ারম্যান মো. সোহরাব হোসাইনসহ কমিশনের ১২ সদস্য পদত্যাগ করেন। এরপর নতুন কমিশন গঠনের অংশ হিসেবে অধ্যাপক মোবাশ্বের মোনেমকে চেয়ারম্যান নিয়োগ দেওয়া হয়।

LENS ASIA